# সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২৪

৪/ উযূ (كتاب الوضوء)

পরিচ্ছেদঃ ১৫৮। দাঁড়িয়ে এবং বসে পেশাব করা

باب الْبَوْلِ قَائِمًا وَقَاعِدًا

আরবী

حَدَّثَنَا آدَمُ، قَالَ حَدَّثَنَا شُعْبَةُ، عَنِ الأَعْمَشِ، عَنْ أَبِي وَائِلٍ، عَنْ حُذَيْفَةَ، قَالَ أَتَى النَّبِيُّ صلى الله عليه وسلم سُبَاطَةَ قَوْمٍ فَبَالَ قَائِمًا، ثُمَّ دَعَا بِمَاءٍ، فَجِئْتُهُ بِمَاءٍ فَتَوَضَّأَ.

বাংলা

২২৪। আদম (রহঃ) ... হুযায়ফা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার কওমের আবর্জনা ফেলার স্থানে এলেন। তিনি সেখানে দাঁড়িয়ে পেশাব করলেন। তারপর পানি চাইলেন। আমি তাঁকে পানি নিয়ে দিলাম। তিনি উযূ (ওজু/অজু/অযু) করলেন।*

## English

Narrated Hudhaifa: Once the Prophet (sallallahu 'alaihi wa sallam) went to the dumps of some people and passed urine while standing. He then asked for water and so I brought it to him and he performed ablution.

ফুটনোট

* সাধারণত বসে পেশাব করাই ছিল রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর অভ্যাস। আ জন্যই আয়েশা (রাঃ) বলেন, যে ব্যাক্তি তোমাদের বলবে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়িয়ে পেশাব করেছেন- তার কথা বিশ্বাস করো না। (তিরমিযি, নাসাঈ)। এই একটি মাত্র স্থানেই তাঁর অভ্যাসের ব্যাতিক্রম পাওয়া যায়।এর কারণ সম্পর্কে আবু হুরাইরা (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোমর ব্যাথার কারণে দাঁড়িয়ে পেশাব করেছেন। (বায়হাকি, হাকেম )।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ▯ বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=232

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন